

া মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৪৭৩৫

পর্ব-২৫: শিষ্টাচার (كتاب الآداب)

পরিচ্ছেদঃ ৬. প্রথম অনুচ্ছেদ - হাঁচি দেয়া এবং হাই তোলা

بَابُ الْعُطَاسِ وَالتَّثَاوُّبِ

আরবী

وَعَنْ أَبِي مُوسَى قَالَ: سَمِعْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ: «إِذَا عَطَسَ أَحَدُكُمْ فَحَمِدَ اللَّهَ فَشَمِّتُوهُ وَإِنْ لَمْ يَحْمَدِ اللَّهَ فَلَا تُشَمِّتُوهُ» . رَوَاهُ مُسلم

বাংলা

8৭৩৫-[8] আবৃ মূসা আল আশ্'আরী (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, আমি রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে বলতে শুনেছি যে, তোমাদের কেউ যদি হাঁচি দেয় এবং আল্লাহর প্রশংসা করে, তবে তোমরা তার জবাবে ''ইয়ারহামুকাল্ল-হ'' বলবে। আর যদি সে আল্লাহর প্রশংসা না করে, তবে তোমরা ''ইয়ারহামুকাল্ল-হ'' বলে জবাব দেবে না। (মুসলিম)[1]

ফটনোট

[1] সহীহ: মুসলিম ৫৪-(২৯৯২), আহমাদ ১৯৬৯৬, সিলসিলাতুস্ সহীহাহ্ ৩০৯৪, আল আদাবুল মুফরাদ ৯৪১, আল মুসতাদরাক ৭৬৯০, শু'আবুল ঈমান ৯৩৩০, মুসান্নাফ ইবনু আবূ শায়বাহ্ ২৫৯৭৪।

ব্যাখ্যা

ব্যাখ্যাঃ উল্লেখিত হাদীস দ্বারা প্রমাণিত হয় যে, কোন ব্যক্তি যদি হাঁচি প্রদান করে আলহাম্দুলিল্লা-হ বলে তা যদি কেউ শ্রবণ করে তাহলে তার জবাবে ইয়ারহামুকাল্ল-হ বলবে, অন্যথায় যদি সে আলহামদুলিল্লা-হ না বলে তাহলে তাকে ইয়ারহামুকাল্ল-হ বলতে হবে না। (মিরকাতুল মাফাতীহ)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আবু মূসা আল- আশ'আরী (রাঃ)



 $\textit{\textbf{\textit{9}}} \; \mathsf{Link} - \mathsf{https://www.hadithbd.com/hadith/link/?id} = 75459$

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন